ভূরুঙ্গামারী

রাজস্বখাত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কুড়িগ্রাম।
website: dpe.kurigram.gov.bd

স্মারক নং-জেপ্রাশিঅ/কুড়ি/স:শি:নি/২০২০/২১

তারিখ : ১৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
০৩ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

# নিয়োগপত্র

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা, ২০২০ এর ফলাফলের ভিত্তিতে কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীগণকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতনস্কেল: টাকা ১১০০০- ২৬৫৯০ (গ্রেড ১৩) বেতনক্রমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষকের শূন্য পদে ২ নং অনুচ্ছেদের শর্ত অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নম্বর | রোল নম্বর | উপজেলা ভিত্তিক মেধাক্রম | নাম, পিতা/স্বামীর নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১. | ৩৮৩১৪২৫ | ১ | মোঃ তৌহিদ গুলফাম<br>পিতা: মৃত মোহাম্মদ আলী<br>মাতা: মোছাঃ তাহমিনা বেগম | গ্রাম-দেওয়ানের খামার<br>ডাক- ভূরুঙ্গামারী<br>উপজেলা- ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। | গ্রাম-দেওয়ানের খামার<br>ডাক- ভূরুঙ্গামারী<br>উপজেলা- ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| ২. | ৩৮৩৫২৮৭ | ২ | মোঃ রোকনুদ্দৌল্লা<br>পিতা: মোঃ শাহাজাহান আলী<br>মাতা: মোছাঃ রোকেয়া বেগম | গ্রাম-খামার আন্ধারীঝাড় (দেওবন)<br>ডাক-আন্ধারীঝাড়<br>উপজেলা- ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। | গ্রাম-খামার আন্ধারীঝাড়(দেওবন)<br>ডাক-আন্ধারীঝাড়<br>উপজেলা- ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| ৩. | ৩৮৩২৩৩৭ | ৩ | মোঃ সাজ্জাদ হোসেন<br>পিতা: মোঃ আব্দুস সাত্তার মন্ডল<br>মাতা:মোছাঃ আমেনা বেগম | গ্রাম-খামার আন্ধারীঝাড়<br>ডাক-আন্ধারীঝাড়<br>উপজেলা- ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। | গ্রাম-খামার আন্ধারীঝাড়<br>ডাক-আন্ধারীঝাড়<br>উপজেলা- ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| ৪. | ৩৮৩৫২১১ | ৪ | মোঃ শহিদুল ইসলাম<br>পিতা: মোঃ সৈয়দ আলী<br>মাতা: মোছাঃ মজিরন বেগম | গ্রাম-খামার আন্ধারী ঝাড়<br>ডাক-আন্ধারীঝাড়<br>উপজেলা- ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। | গ্রাম-খামার আন্ধারী ঝাড়<br>ডাক-আন্ধারীঝাড়<br>উপজেলা- ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

২। (ক) যোগদানের তারিখ থেকে ২ (দুই) বৎসর পর্যন্ত চাকুরিকাল শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে;

(খ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকের সন্তোষজনক পুলিশ প্রতিবেদন (Varifcation Report) পাওয়া না গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগাদেশ সরাসরি বাতিল বলে গণ্য হবে;

(গ) শিক্ষানবিশকালে কর্মদক্ষতা, আচরণ ও সন্তোষজনক চাকুরির রেকর্ড সাপেক্ষে বিধি মোতাবেক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে এবং শিক্ষানবিশকালে যে কোন ধরণের অসদাচরণের জন্য কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) সহকারী শিক্ষক নিয়োগ উপজেলা/থানা কোটার ভিত্তিতে হয়েছে বিধায় উপজেলা/থানার বাহিরে বদলীর আবেদন করা যাবে না;

(ঙ) শিক্ষানবিশকালে কোন ধরণের বদলির আবেদন করা যাবে না;

(চ) শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক যে কোন সময়ে সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাঁদের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা হবে;

(জ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে যোগদানের পর অন্যূন ০৪ (চার) বৎসরের মধ্যে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হলে তার চাকরি স্থায়ী করা হবে না এবং চাকরি বিধি অনুসারে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি- বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

৩। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে স্বশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে হবে।

৪। অনুচ্ছেদ ১, ২ ও ৩-এ উল্লিখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী **২২/০১/২০২৩ তারিখ** রোজ রবিবার পূর্বাহ্নে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। নিয়োগকৃত শিক্ষকগণ 'বেতন-ভাতাদি প্রাতিষ্ঠানিক কোড নং-১২৪০২০৯০০০০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ'-এর বেতন-ভাতাদি খাত হতে প্রাপ্য হবেন।

৬। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.২০- ১৫২, তারিখ: ১৮ অক্টোবর ২০২০- এর অনুবৃত্তিক্রমে এ নিয়োগ প্রদান করা হলো।

০৩.০১.২৩

(মোঃ শহীদুল ইসলাম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
কুড়িগ্রাম।
☎ ০২৫৮৯৯৫০১৫৬
e-mail: dpeokurig@gmail.com

স্মারক নং-জেপ্রাশিঅ/কুড়ি/স:শি:নি/২০২০/২১(৩১)

তারিখ : ১৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ / ০৩ জানুয়ারি ২০২৩খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:**

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিভিল সার্জন, কুড়িগ্রাম।
৮. পুলিশ সুপার (বিশেষ), কুড়িগ্রাম।
৯. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুড়িগ্রাম।
১০. উপজেলা শিক্ষা অফিসার (সকল)......................, কুড়িগ্রাম।
১১. উপজেলা হিসাবরক্ষণ অফিসার (সকল)..........................., কুড়িগ্রাম।
১২. জনাব...............................................................................প্রযত্নে..................................................

গ্রাম/মহল্লা..............................................................ডাকঘর/পোস্ট.....................................................

কোড.............................................উপজেলা...........................জেলা: কুড়িগ্রাম।

১৩. সংরক্ষণ নথি।

০৩.০১.২৩

(মোঃ শহীদুল ইসলাম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
কুড়িগ্রাম।